

তারিখ
 পৃষ্ঠা ... কলাম ...

মর্গ্যান স্কুলে তৃতীয় দিনের মতো ভাঙচুর বিক্ষোভের পর আপস, প্রধান শিক্ষিকাকে ছুটি

ব্যবস্থাপনা কমিটির সদস্যের হাতে ফটো সাংবাদিক লাঞ্চিত

নারায়ণগঞ্জ প্রতিনিধি : ঐতিহ্যবাহী মর্গ্যান স্কুলে গতকাল শনিবারও বিকোভ ও ভাঙচুরের ঘটনা ঘটলে তৃতীয়দিনের মতো পরীক্ষা বন্ধ থাকে। গতকালের ছাত্র বিকোভের ঘটনায় ব্যবস্থাপনা কমিটির প্রভাষাণী সদস্যদের প্রত্যক্ষ মদদ রয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। এদের একজনের হাতে স্থানীয় এক ফটো সাংবাদিক লাঞ্চিত হয়েছেন। স্কুলের প্রধান শিক্ষিকার অপসারণের দাবিতে গত কয়েকদিন যাবৎই ছাত্রটিতে অচলাবস্থা বিরাজ করছিল।

গতকাল সকাল ১০টার দিকে স্কুলের ভেতরে ছাত্রীরা সর্বপ্রথম একটি মিছিল বের করে। এর কিছুক্ষণ পর ব্যবস্থাপনা কমিটির সদস্য দেওয়ানের হোসেন ছুন, আঃ আহিফজ ও তাদের সহযোগীরা স্কুলে প্রবেশ করলে তাদের প্রত্যক্ষ মদদে ছাত্রীরা স্কুলে জড়ি মিছিল বের করে। এ সময় ছাত্রীরা স্কুলে টানানো ব্যানার ছিঁড়ে ফেলে, বিভিন্ন ক্লাসের আসবাবপত্র ভাঙচুর করে এবং দোতলা থেকে বেশকিছু বেঞ্চ নিচ তলায় ছুড়ে ফেলে দিলে পুরো স্কুলে এক ভীতিকর পরিস্থিতির সৃষ্টি হয়। প্রায় একই সময়ে গণফোরাম নেতা ও ব্যবস্থাপনা কমিটির সদস্য দেওয়ানের হোসেন ছুন স্থানীয় দৈনিক খবরের পাতার ফটো সাংবাদিক শিপন আহমেদকে ছবি তুলতে বাধা দেন এবং তার ক্যামেরা ছিনিয়ে নেওয়ার চেষ্টা করেন।

উত্তর এ পরিস্থিতিতে কয়েকজন গণ্যমান্য ব্যক্তি স্কুলে প্রবেশ করেন এবং বিবদমান দুই পক্ষকে নিয়ে এক আপোস বৈঠক শুরু করেন। ঘণ্টাব্যাপী এ আপোস বৈঠকে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী প্রধান শিক্ষিকা তার সহকারীকে দায়িত্ব বুঝিয়ে দিয়ে ১ মাসের ছুটিতে যাবেন এবং স্কুলের কার্যক্রম পুনরায় স্বাভাবিকভাবে শুরু হবে। এই ১ মাসের মধ্যে প্রশাসন স্বাভাবিক নিয়মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। আপোস বৈঠকের পর স্কুলের পরিস্থিতি শান্ত হয়ে আসে।

আপোস বৈঠকে অন্যান্যের মধ্যে প্রেসক্লাব সভাপতি মাহবুবুর রহমান, মাসুম, সাংবাদিক হাবিবুর রহমান বাসল, অস্তিত্ববক মনা সরদার, ছাত্রদল সভাপতি জাকির খান শ্রমিক নেতা মোঃ শহীদুল্লাহ প্রমুখ সভ্যত্ব করেন।